দৈনিক
ইত্তেফাক

21 JAN 2017

# কুবি শিক্ষকের বাসায় হামলার প্রতিবাদে লাগাতার ক্লাস ও পরীক্ষা বর্জনের ঘোষণা

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

গভীর রাতে শিক্ষকের বাসায় দুর্বৃত্তের হামলার ঘটনায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন। ক্যাম্পাসে দীর্ঘদিনের অস্থিতিশীল ছাত্র রাজনীতি ও শিক্ষকদের দ্বিধাবিভক্ত রাজনীতির জন্য এ অবস্থায় সৃষ্টি হয়েছে বলে মনে করছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

গত কয়েক মাসে ছাত্র ও শিক্ষকদের উপর নানা প্রকার লাঞ্ছনা ও হামলার প্রতিকারে প্রশাসনের দৃশ্যমান পদক্ষেপ দাবি করে আন্দোলনে নেমেছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। এর প্রেক্ষিতে কাল রবিবার থেকে লাগাতারভাবে সকল ধরনের ক্লাস ও পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছে সমিতি। বৃহস্পতিবার শিক্ষক সমিতির কার্যনিবাহী সভা শেষে শিক্ষক নেতারা উপাচার্যের সাথে দেখা করে সন্তোষজনক পদক্ষেপের আশ্বাস না পেয়ে এ আন্দোলনের ডাক দেন। বৃহস্পতিবার সন্ধ্যায় এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি জানানো হয়।

প্রক্টর ড. কাজী মোহাম্মদ কামাল উদ্দিন বলেন, 'বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার জন্য প্রশাসন কাজ করে যাচ্ছে। তাদের দাবিগুলো অযৌক্তিক। তারা উপাচার্যের শেষ বছরে বিভিন্ন অন্যায় দাবি নিয়ে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ অস্থিতিশীল করার চেষ্টা করছে।'